

উপস্থিত :- মোঃ হাসান জামান, সিনিয়র সহকারী জজ,
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত, পটিয়া, চট্টগ্রাম

আদেশ নং- ৪৫
অদ্য একতরফা আদেশের জন্য ধার্য আছে।

তারিখ- ০৫/০৬/২০২৩ ইং
বাদীপক্ষ হাজিরা দাখিল করেন।

নথি আদেশের জন্য নেওয়া হলো।

নথি পর্যালোচনায় দেখা যায়, বাদী আরজি তফসিল বর্ণিত নালিশী সম্পত্তি বিভাগের প্রার্থনায় ১-৪৭ নং
বিবাদীদের বিরুদ্ধে অত্র মামলা আনয়ন করেছেন।

১-৪৭ নং বিবাদীর প্রতি সমন সঠিকভাবে জারি হলেও তারা অত্র মামলায় হাজির হতে ব্যর্থ হয়। যার
প্রেক্ষিতে বিগত ১১/০৭/২০১৯ ইং তারিখের ২৩ নং আদেশমূলে তাদের বিরুদ্ধে এক-তরফা শুনানীর জন্য
ধার্য হয়।

অত্র মামলা প্রমানের জন্য বাদীপক্ষে ১ নং বাদী নূর নাহার বেগম P.W.-1 হিসাবে সাক্ষ্য প্রদান করেছেন।
বাদীপক্ষ দাবির সমর্থনে যেসকল কাগজাদি দাখিল করেছেন উহা প্রদর্শনী- ১-৭ হিসাবে চিহ্নিত হয়।

নূর নাহার বেগম P.W.-1 এর গৃহীত জবানবন্দি, নথি ও দাখিলকৃত কাগজাদি (প্রদর্শনী ১-৭) দেখলাম
এবং পর্যালোচনা করলাম। সার্বিক পর্যালোচনায় বাদীপক্ষের নালিশী খতিয়ানছক্ত সম্পত্তিতে স্বত্ত্ব, স্বার্থ ও
দখল রহিয়াছে মর্মে প্রতীয়মান হয়। এমতাবস্থায় বাদীপক্ষ অত্র মোকদ্দমা প্রমাণ করতে সক্ষম হয়েছে
বলে আমি মনে করি। সুতরাং বাদীপক্ষ তাদের প্রার্থীত প্রতিকার পেতে হকদার।

প্রদত্ত কোর্ট ফি সঠিক।

অতএব, আদেশ হয় যে

বিভাগের প্রার্থনায় আনীত অত্র মোকদ্দমা ১-৪৭ নম্বর বিবাদীর বিরুদ্ধে একতরফাসূত্রে বিনাখরচায় পৃথক
ছাহামসূত্রে বাটোয়ারার প্রার্থমিক ডিগ্রী প্রদান করা হলো।

বাদীপক্ষ নালিশী তফসিল বর্ণিত আর এস ৬১৪ নং খতিয়ানের ১০৭৬ দাগ তৎসামিল বি এস ২৪২ নং
খতিয়ানের বি এস ৮০৪ দাগের আন্দরে ২৫ শতক ছুমিমধ্যে ৩.৬৪ শতক ছুমিতে স্বত্ত্বান বিধায় উক্ত
৩.৬৪ শতক ছুমিতে পৃথক ছাহাম প্রাপ্ত হবেন।

পক্ষগনকে আগামী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে আপসে ছাহামকৃত সম্পত্তি বন্টন করে নেওয়ার জন্য নির্দেশ
দেওয়া হলো। ব্যার্থতায় বাদীর অথবা উক্ত যেকোন বিবাদী/ বিবাদীগনের প্রার্থনায় নির্ধারিত কমিশন ফি
জমাদান সাপেক্ষে নালিশী জমি চুলচোরা বিভাগ বন্টনের জন্য একজন আইনজীবী কমিশনার নিয়োগ করা
হবে।

আইনজীবী কমিশনার বিভাগ বন্টনের সময় জমির সরস নিরস প্রকৃতি, পক্ষগনের সুবিধা অসুবিধা ও
বিদ্যমান দখল যতদুর সম্ভব বাস্তবতার নিরিখে বিবেচনায় নেবেন।

আমার স্বত্ত্বে লিখিত ও সংশোধিত

(মোঃ হাসান জামান)
সিনিয়র সহকারী জজ
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,
পটিয়া, চট্টগ্রাম

(মোঃ হাসান জামান)
সিনিয়র সহকারী জজ
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,
পটিয়া, চট্টগ্রাম

